দৈনিক ইনকিলাব

তারিখ ... 01 JUN 2003
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ৬



যশোর ব্যুরো ঃ যশোর থেকে আটক নকল পাঠ্য বই

# আরো নকল পাঠ্য বই উদ্ধার বলাকা প্রিন্টিং প্রেস সীল

যশোর ব্যুরো ঃ দীর্ঘদিন ধরে নকল বই ছাপা ও বিক্রির সাথে জড়িত যশোরের হাসান বুক ডিপো'র বলাকা প্রিন্টিং প্রেস থেকে আরো দুই পিকআপ ভর্তি নকল পাঠ্য বই আটক করা হয়েছে। জেলা প্রশাসকের নির্দেশে ম্যাজিস্ট্রেট রাহাত আনোয়ার গত রবিবার প্রেসটি সীল করে দিয়েছেন। প্রেস মালিক আবুল কালাম স্বপন গা-ঢাকা দিয়েছে। এর একপক্ষকাল আগে পুলিশ একই প্রেস থেকে দুই ট্রাক নকল বই আটক করে। সংশ্লিষ্ট সূত্র জানায়, স্কুল পর্যায়ের বিভিন্ন পাঠ্য বই সম্পূর্ণ বেআইনীভাবে ছাপিয়ে দেশের বিভিন্ন স্থানে সরবরাহ ও বিক্রি করার অভিযোগ রয়েছে বলাকা প্রিন্টিং প্রেসের বিরুদ্ধে। গত ২২ মে পুলিশ আকস্মিকভাবে অভিযান চালিয়ে শহরের দড়াটানা মোড়ের বই ব্যবসা প্রতিষ্ঠান হাসান বুক ডিপোর নিজস্ব প্রেস পুরাতন কসবার বলাকা প্রিন্টিং প্রেস থেকে দুই ট্রাক নকল বই আটকের পর অনেক লেনদরবারে বিষয়টি ধামাচাপা পড়েছিল।